

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১০৯. কোন হারাম বস্তু কিংবা হারাম কাজকে সম্মানসূচক শব্দে উচ্চারণ করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

"তোমাদের কেউ আঙ্গুরকে "কার্ম" তথা তার সুরা পানকারীর মাঝে দানশীলতা সৃষ্টিকারী বলে আখ্যায়িত করো না। কারণ, দানশীল তো হবে মূলতঃ একজন মুসলমানই। অন্য বর্ণনায় রয়েছে, দানশীলতার গুণ তো স্বভাবত একজন মু'মিনের অন্তরেই লুকায়িত থাকে"।[1]

ওয়া'ইল্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَقُوْلُواْ : الْكَرْمُ ، وَلَكِنْ قُوْلُواْ : الْعِنَبُ وَالْحَبْلَةُ

''তোমরা আঙ্গুরকে ''কার্ম'' তথা তার সুরা পানকারীর মাঝে দানশীলতা সৃষ্টিকারী বলে আখ্যায়িত করো না। বরং আঙ্গুরকে ''ইনাব'' অথবা ''হাব্লাহ্'' তথা আঙ্গুরই বলবে।[2]

>

ফুটনোট

- [1] (মুসলিম, হাদীস ২২৪৭)
- [2] (মুসলিম, হাদীস ২২৪৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11359

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন